

কবিতা তৈরির উদাহরণ

নগর ঘুমিয়ে গেলে জেগে উঠি আমি  
জেগে ওঠে ময়লা চাঁদ দূরগত প্রবল শূন্যতা

নিদ্রিত রাতের গায়ে  
আমি নীল নীল অক্ষর সাজাই

দিনের আলো ধরে আসে  
পুরনো বাস্তবীর ব্যথা জাগানিয়া চিঠি  
আমার প্রবাসী ঠিকানায়

খামে খামে মৌসুমী বায়ু পাঠায় সে  
আমি স্বপ্নের মাঝে খুলি  
অঝোর শ্রাবন ঝাঁপিয়ে আসে  
কাঁচা পঙ্ক্তিগুলি ভিজে যায় প্রবল গ্লাবনে

আমার কাশফুল মনে পড়ে ধানক্ষেত মনে পড়ে  
শরতের ভেজা পথে হেঁটে যায় নতুন ইশারা

ভোরের শিশির ধরে পিছলে যায় দীর্ঘ রাত  
আমিও এগিয়ে চলি আলোর দিকে অনিবার্য

শিশির পাল

